

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ نَافِعٍ أَبِي غَالِبٍ قَالَ: صَلَّيْتُ مَعَ أَنَسِ بْنِ مَالِكٍ عَلَى جَنَازَةِ رَجُلٍ فَقَامَ حِيَالَ رَأسه ثُمَّ جَاؤُوا بِجَنَازَةِ امْرَأَةٍ مِنْ قُرَيْشٍ فَقَالُوا: يَا أَبَا حَمْزَةَ صَلِّ عَلَيْهَا فَقَامَ حِيَالَ وَسَطِ ثُمَّ جَاؤُوا بِجَنَازَةِ امْرَأَةٍ مِنْ قُريْشٍ فَقَالُوا: يَا أَبَا حَمْزَةَ صَلِّ عَلَيْهَا فَقَامَ حِيَالَ وَسَطِ السَّرِيرِ فَقَالَ لَهُ الْعَلَاءُ بْنُ زِيَادٍ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ على الْجَنَازَة مَقَامَكَ مِنْهَ الرَّجُلِ مَقَامَكَ مِنْهُ ؟ قَالَ: نَعَمْ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَفِيهِ: فَقَامَ عِنْد عجيزة الْمَرْأَة

বাংলা

১৬৭৯-[৩৪] নাফি' আবৃ গালিব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার আনাস ইবনু মালিক (রাঃ)-এর সাথে এক জানাযায় ('আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর) সালাত আদায় করেছি। তিনি [আনাস (রাঃ)] (জানাযার) মাথার বরাবর দাঁড়ালেন। এরপর লোকেরা কুরায়শ বংশের এক মহিলার লাশ নিয়ে এলেন এবং বললেন, হে আবৃ হামযাহ্ (এটা আনাসের ডাক নাম) এর জানাযার সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে দিন। (এ কথা শুনে) আনাস (রাঃ) খাটের মাঝখানে দাঁড়িয়ে জানাযার সালাত আদায় করে দিলেন। এটা দেখে 'আলা ইবনু যিয়াদ বললেন, আপনি কি রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে দাঁড়িয়ে সালাতে জানাযাহ্ আদায় করতে দেখেছেন, যেভাবে আপনি এ মহিলার সালাত মাঝখানে দাঁড়িয়ে ও পুরুষটির জানাযাহ্ মাথার কাছে দাঁড়িয়ে পড়ালেন? আনাস (রাঃ) বললেন, হ্যাঁ দেখেছি। (তিরমিয়ী, ইবনু মাজাহ; ইমাম আবৃ দাউদ এ হাদীসটিকে অনুরূপ বর্ণনা করেছেন। তবে তাঁর বর্ণনায় অতিরিক্ত রয়েছে, ''মহিলার জানাযায় তার খাটের মধ্যভাগে দাঁড়িয়েছিলেন'' উল্লেখ করেছেন।)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ১০৩৪, ইবনু মাজাহ্ ১৪৯৪।

ব্যাখ্যা



ব্যাখ্যা: মহিলার জানাযায় ইমাম সাহেব লাশের মাঝ বরাবর দাঁড়াবে, আর পুরুষের মাথা বরাবর। এ বিষয়ে ১৬৪৩ নং হাদীসে আলোচনা হয়ে গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন